# Delhi Public School, Howrah

**PERIODIC TEST-2 (2024-2025)**

**Class- XII**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**SUBJECT: BENGALI(105)**

**Time:-3 Hours** **F.M.-80**

**SECTION-A(READING)**

**PART-A**

**1. নিম্নলিখিত অনুচ্ছেদগুলি পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:** 2×5=10

A. ফরিদপুরে একবার একটা অদ্ভুত ধরনের খেজুর গাছের খবর পাওয়া গেল। সন্ধের সময় গাছটা এমনভাবে নুয়ে পড়ত যে, পাতাগুলো তার মাটিতে ঠেকত। আবার সকাল হলেই সে খাড়া হয়ে উঠত। আশেপাশের লোকেরা তো এটাকে অলৌকিক ব্যাপার মনে করে খেজুরগাছকে ঠাকুর-দেবতা হিসেবে পুজো করত। দলে দলে রোগীরা এসে গাছের পুজোর প্রসাদ খেত রোগ সারাবার জন্যে।

এর আগে যেসব বৈজ্ঞানিক এসে এসব ব্যাপার দেখে গেছেন, গোড়ায় তারা কেউ এর রহস্যভেদ করতে পারেননি। জগদীশচন্দ্র এই গাছটি দেখেন। খেজুরগাছের মালিক গাছটির গায়ে কল লাগাতে দিতে রাজি হয়নি, পাছে বিলিতি কলের ছোঁয়া লেগে গাছের অলৌকিকত্ব নষ্ট হয়ে তার অর্ধাগমের পথটি বন্ধ হয়। কিন্তু যখন সে শুনল এই কল এদেশের কারিগররাই বানিয়েছে তখন আর তার আপত্তি করা সম্ভব হল না।

জগদীশচন্দ্র দেখলেন খেজুরগাছটা মাটির থেকে একেবারে সোজা হয়ে ওঠেনি। শিশু অবস্থায় গাছটা ঝড়ে কাত হয়ে যায়, তাই খানিকটা হেলে গিয়ে তারপর হঠাৎ একজায়গায় মোচড় খেয়ে সোজা হয়ে উঠেছে। যে জায়গাটা বেঁকে গেছে সেখানে ওপর দিকে ক্রমাগত ঝড়-জল-রোদ লেগেছে। নীচের দিকটা তাই বেশি সুরক্ষিত ও কোমল হওয়ায় উত্তেজনায় ক্রিয়া সেখানে বেশি হবে। তাই দুপুরের তাপ জায়গাটাকে যখন উত্তেজিত করে, তখন তলা আর ওপরের অসমান সংকোচনে গাছের মাথাটা নেমে যায়। বাইরের উত্তাপে ওপর নীচের অবস্থার হেরফের হওয়ার দরুন খেজুর গাছটা ওইভাবে ওঠা-নামা করে। এইভাবে সরেজমিনে তদন্ত চালিয়ে জগদীশচন্দ্র এদেশে অলৌকিক ধারণার মূলে কুঠারাঘাত করলেন।

লজ্জাবতী, বনচাঁড়াল, ভুঁই আমলা, কামরাঙা- এই রকমের কিছু গাছ কমবেশি স্পর্শকাতর। কিন্তু অনেক গাছের তেমন কোন সাড়া আছে বলে মনে হয় না। জগদীশচন্দ্র দেখালেন সব গাছই বাইরের উত্তেজনায় সাড়া দেয়। প্রাণীদেহের কোন জায়গায় যদি ঘা দেওয়া হয় তাহলে একটা বিদ্যুৎ-তরঙ্গ সেই আহত স্থান থেকে চারিদিকে বইতে থাকে। জগদীশচন্দ্র গাছপালার ক্ষেত্রেও এই রকমের পরোক্ষ সারা দেখতে পেলেন। আঘাতের মাত্রা এত বেশি হয় বিদ্যুৎ-তরঙ্গও তত প্রবল হয়।

প্রত্যক্ষ সাড়ার বেলায় উদ্ভিদে উদ্ভিদে এতটা তফাৎ হয় কেন? জগদীশচন্দ্র দেখালেন, লজ্জাবতী লতার যেখানে ডাল বার হয়েছে সেখানে একদিকে পেশী আছে। গা লাগলে পেশী সংকুচিত হয়, ডালটা নেমে পড়ে। সাধারণ গাছে সে জায়গার চারিদিকেই পেশি আছে। চারিদিক সমানভাবে সংকুচিত হওয়ায় ডাল নামে না।

**I. লোকেরা খেজুরগাছকে ঠাকুর-দেবতা হিসেবে পুজো করত কেন? কারণ-**

a) খেজুর গাছের নিচে কোন দিব্য সাধু বাসা বেঁধেছিল।

b) খেজুর গাছটি আপনা আপনি ওঠানামা করত বলে অনেকে গাছটিকে অলৌকিক বলে মনে করত।

c) জগদীশচন্দ্র বসু গাছটিকে দেখতে এসেছিলেন বলে।

d) খেজুর গাছের রস খেয়ে অনেক রোগী সুস্থ হয়ে উঠেছিল বলে।



Scanned with OKEN Scanner

**II. মন্তব্য: খেজুর গাছের মালিক গাছটির গায়ে কল লাগাতে দিতে রাজি হয়নি।**
**কারণ (ক): খেজুর গাছের গায়ে কল লাগালে খেজুর গাছটি ভেঙে যেতে পারে।**
**কারণ (খ): খেজুর গাছে কল লাগালে তার অলৌকিক শক্তি নষ্ট হয়ে যেতে পারে।**

a) কারণ ক ঠিক খ ভুল
b) কারণ খ ঠিক ক ভুল
c) কারণ ক ও খ দুটোই ঠিক
d) কারণ ক ও খ দুটোই ভুল

**III. জগদীশচন্দ্র কী প্রমাণ করলেন?**

a) খেজুর গাছটি কোন অলৌকিক গাছ নয়।
b) সব গাছই বাইরের উত্তেজনায় সাড়া দেয়।
c) সব গাছেরই পেশি থাকে বলে ওঠানামা করে।
d) উপরের কোনটিই নয়।

**IV. লজ্জাবতী গাছের বৈশিষ্ট্য কী?**

a) দিনের বেলা সংকুচিত হয়ে থাকে।
b) এই গাছের পাতা স্পর্শ করলেই পাতা নুইয়ে পড়ে।
c) এই গাছ সবসময় কাঁপতে থাকে।
d) এই গাছ খুব বড় আকারের হয়।

**V. 'সংকোচন' শব্দটির বিপরীত শব্দ হল-**

a) সংকুচিত
b) প্রসারিত
c) প্রসারণ
d) বিস্তারিত

B. সন্ধ্যার পরে সুকিয়াকি-- অর্থাৎ বিশুদ্ধ জাপানি প্রথায় ভোজন। স্থান- কোবে শহরের একটি ক্লাব; অতিথিরা জন কুড়ি হবেন। ছোটো নিচু একতলা বাড়ি- ভিতরে- বাইরে, যাকে বলে সুচারু ঠিক তাই। লাল টালির ঢালু ছাদ যেন এগিয়ে এসে আশ্রয় দিচ্ছে। আমরা কাছে আসতেই টানা দরজা খুলে গেল। দুটি সুন্দরী পরিচারিকা হাঁটু ভেঙ্গে বসে অভ্যর্থনা জানালো, ঢেউ খেলানো ভঙ্গিতে ঘাসের চটি এগিয়ে দিল সকলকে। খাস জাপানি ঘরে রাস্তার জুতো পায়ে কেউ ঢোকে না; টুপি ওভারকোটের মতো চর্মপাদুকাও বাইরে ত্যাজ্য। দুটো ছোটো কামরা পেরিয়ে খাবার ঘরে এলাম। বাঁশ আর কাঠ মিলিয়ে দেয়াল, কাঠের মেঝে সূক্ষ্ম মাদুরে আবৃত। দেয়ালে ঝুলছে জাপানি চিত্রকলার নমুনা,টবে রাখা বেটে গাছের ভঙ্গিমায় এদের উদ্ভিদবিদ্যার প্রমাণ দাঁড়িয়ে। আসবাবের মধ্যে কয়েকটি নীচু ও চৌকো টেবিল (নীচু মানে আমাদের জলচৌকির মতো), তাদের ঘিরে ধবধবে সাদা কুশান পাতা, পিছনে একটি করে লোহার চুল্লি তাপ বিলোচ্ছে। এক-এক টেবিলে চারজন করে বসা হলো। টেবিলের মধ্যস্থলে গোল করে খাজ কাটা, তাতে রক্তবর্ণ গালার পাত্র বসানো। আমরা বুঝতে পারিনি ওটার কী ব্যবহার, কিন্তু একটু পরে দেখা গেল তারই তলায় কাঠ-কয়লার আগুন জ্বলছে - ওই পাত্রেই রান্না হবে। পরিচারিকারা দিয়ে গেল প্রতিজনকে দুটি করে ফল,এক চামচে সোয়াবিনের চাটনি,সামনে রাখলে একটি করে বাটি ও ভেজনশলাকা (আমরা কাটা চামচে নিলুম), আর ডানদিকে কুঁজো আর গ্লাস। কুঁজোতে আছে সাকে, শীতের জন্য তাতিয়া আনা হয়েছে। ফরাসিদের যেমন ভ্যা, জার্মানিদের বিয়ার, জাপানিদের তেমনি সাকে; এই অন্নজাত লঘু ও বর্ণহীন সুরা এদের খাদ্যের সঙ্গে নিত্যপেয়। কিন্তু সেবনের পদ্ধতিতে তফাত অনেক। সাকের গ্লাসে আঙুল ডোবালে এককড়ের বেশি ভেজে না, আর পেট-মোটা সরু গলা কুঁজোর ছয় ইঞ্চি আন্দাজ উঁচু। প্রথমে একবার গলা ভিজিয়ে নিলেন সবাই, তারপর রান্না আরম্ভ হল।



Scanned with OKEN Scanner

**I. সুকিয়ারি মানে-**

a) জাপানিদের ধন্যবাদ জানানোর পদ্ধতি

b) বিশুদ্ধ জাপানি প্রথার ভোজন

c) একরকম জাপানি কুঁজো

d) জাপানিদের একটি অনুষ্ঠানের নাম

**II. মন্তব্য: ঢেউ খেলানো ভঙ্গিতে ঘাসের চটি এগিয়ে দিল সকলকে।**

**কারণ(ক): জাপানিতে ঘাসের চটি ছাড়া আর অন্য কোনো রকম চটি পাওয়া যেত না।**

**কারণ(খ): জাপানিরা ঘরে রাস্তার জুতো পড়তো না।**

a) কারণ ক ঠিক খ ভুল

b) কারণ ক ভুল খ ঠিক

c) কারণ ক এবং খ দুটোই ঠিক

d) কারণ ক এবং খ দুটোই ভুল

**III. টেবিলের বৈশিষ্ট্য কী?**

a) টেবিলের মাঝখানে চৌকো করে খাঁজ কাটা তার মাঝখানে একটা ফুলদানি রাখা।

b) টেবিলের মাঝখানে কোনরকম খাঁজ কাটা নেই বরং টেবিলটি অনেক বড় এবং সাজানো গোছানো।

c) টেবিলের মাঝখানে তো আয়তক্ষেত্রকার একটি গর্ত করা, সেখানে নানা রকমের সুন্দর সুন্দর খাবার সাজানো।

d) টেবিলের মাঝখানে গোল করে খাঁজকাটা তাতে লাল গালার পাত্র বসানো এবং তার নীচে কাঠ কয়লার উনুন জ্বলছে।

**IV. এখানে কীসের চাটনির কথা বলা হয়েছে?**

a) সয়াবিনের

b) ফলের

c) একরকম সবজির

d) আমের

**V. আমরা কাছে আসতেই টানা দরজা খুলে গেল। - যৌগিক বাক্যে পরিবর্তন করলে হবে-**

a) আমরা যখন কাছে এলাম তখন টানা দরজা খুলে গেল।

b) আমরা কাছে এলাম এবং টানা দরজা খুলে গেল।

c) আমরা কাছে আসতে না আসতেই টানা দরজা খুলে গেল।

d) উপরের কোনোটিই নয়।

## SECTION-B (GRAMMAR)

**2. যেকোনো পাঁচটি বাগধারা বা প্রবাদের সঠিক উত্তর বেছে নিয়ে লেখো:** 5×1=5

**I. " ঢেঁকি স্বর্গে গিয়েও ধান ভানে"- প্রবচনটি কোন বাক্যে সঠিক প্রয়োগ হয়েছে?**

a) বারণ করা সত্ত্বেও ত্রিনা বিজ্ঞান নিয়ে একাদশ শ্রেণীতে ভর্তি হলো। এক মাস যেতে না যেতে তার নাজেহাল অবস্থা।

b) আনন্দবাবু তার মেয়ের বিয়ে নিয়ে অত্যন্ত দুশ্চিন্তায় ছিলেন কিন্তু পাড়ার লোকের সহযোগিতায় তা সুষ্ঠভাবে হয়ে গেল।

c) নিমন্ত্রণ রক্ষা করতে এসেও বিখ্যাত ডাক্তার কপিল সেন ডাক্তারি শুরু করে দিলেন।

d) ভানুমতিকে কেউ বিশ্বাস করে না কারণ তার স্বভাব এর কথা ওকে লাগানো আর ওর কথা একে লাগানো।

**II. নিঃসন্তান রামবাবু বেশি বয়সে পুত্র লাভ করে যেন________ হাতে পেলেন।--সঠিক বাগধারা দিয়ে শূন্যস্থান পূরণ কর।**

a) চাঁদের হাট

b) অমাবস্যার চাঁদ

c) নয়নের মণি



Scanned with OKEN Scanner

d) ডুমুরের ফুল

**III. 'অন্ধ অনুকরণ' বলতে কোন বাগধারাটি প্রয়োগ করা হবে?**

a) মগের মুলুক

b) অন্ধের যষ্ঠি

c) বালির বাঁধ

d) গড্ডালিকা প্রবাহ

**IV. "মান্ধাতার আমল"- বাগধারাটির কোন বাক্যে সঠিক প্রয়োগ ঘটেছে?**

a) বিমলার ধ্যান-ধারণা বর্তমান যুগের সঙ্গে মানানসই।

b) রাহুল সময়ের চেয়ে অনেক এগিয়ে।

c) সীমার শারীরিক বয়স বাড়লেও মানসিক বয়স বাড়েনি।

d) রমার ধ্যান ধারণা, চিন্তাভাবনা সবই সেকেলে।

**V. সরকারি চাকরির আশায় শিক্ষার্থীরা___________ মতো বসে আছে।--সঠিক বাগধারা দিয়ে শূন্যস্থান পূরণ কর।**

a) ঠুঁটো জগন্নাথ

b) তীর্থের কাক

c) গভীর জলের মাছ

d) ঠোঁটকাটা

**VI. "উভয় সংকট" বোঝাতে কোন প্রবাদটি প্রয়োগ করা হবে?**

a) জলে কুমির ডাঙ্গায় বাঘ

b) গায়ে মানে না আপনি মোড়ল

c) শক্তের ভক্ত নরমের যম

d) ধর্মের কল বাতাসে নড়ে

## SECTION-C (MAIN COURSE BOOK)

**3. পাঠ্য নাটক থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি পেয়েছে লেখো: ( যেকোনো পাঁচটি)** 5×1=5

**I. মন্তব্য: তাতে বয়সটা ঠিক বোঝা যায় না।**

**কারণ(ক): প্রবীণ অভিনেতা রজনীবাবু প্রতিদিন যোগ ব্যায়াম করেন।**

**কারণ(খ): প্রবীণ অভিনেতা রজনীবাবু প্রতিদিন চুলে হাফ শিশি কলপ লাগান।**

a) কারণ ক ঠিক খ ভুল

b) কারণ খ ঠিক ক ভুল

c) কারণ ক এবং খ দুটোই ঠিক

d) কারণ ক এবং খ দুটোই ভুল

**II. " এই কথাটা মালিকের কানের তুলবেন না চাটুজ্জেমশাই"- কোন কথাটা?**

a) গ্রিনরুমে ঘুমানোর কথা

b) ফাঁকা মঞ্চে অভিনয়ের কথা

c) চাটুজ্জেমশাইয়ের সঙ্গে বক্তার সাক্ষাৎ হওয়ার কথা

d) চাটুজ্জেমশাইকে বাড়ি পৌঁছে দিতে চাওয়ার কথা

**III. নাটকওয়ালাদের একমাত্র কর্তব্য হলো-**

a) ভালো ভালো নাটক অভিনয় করা

b) সারাদিন খেটেখুটে ক্লান্ত লোকেদের আনন্দ দেওয়া



Scanned with OKEN Scanner

c) পরিশ্রান্ত দর্শকের মজা দেখানো

d) মঞ্চসফল নাটক

**IV. মন্তব্য: "কী হবে বাড়ি ফিরে- একটুও ভালো লাগে না বাড়িতে!"**

**কারণ (ক): সংসারে ভীষণ অশান্তি, ঘরে টেকা দায়।**

**কারণ (খ): বাড়ির মালিক সর্বদা ভাড়ার জন্য তাগাদা দিতে থাকে**

a) কারণ ক ঠিক খ ভুল

b) কারণ খ ঠিক ক ভুল

c) কারণ ক এবং খ দুটোই ঠিক

d) কারণ ক এবং খ দুটোই ভুল

**V. 'নানা রঙের দিন' নাটকে মেয়েটির রাশি রাশি কালো চুলকে তুলনা করা হয়েছে-**

a) ঢেউয়ের সাথে

b) মেঘের সাথে

c) ধোঁয়ার সাথে

d) নীল জলরাশির সাথে

**VI. 'নানা রঙের দিন' নাটকটি কোন মূল নাটকের ভাষান্তর?**

a) অন দ্য রোড

b) থ্রি পেন- ইস অপেরা

c) দ্য সোয়ান সঙ

d) দ্য সীগাল

**4. পাঠ্য সহায়ক পাঠ থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:( যেকোনো পাঁচটি)** 5×1=5

**I. "যার জীবন বাংলার অর্ধশতাব্দীব্যাপী মুক্তিযুদ্ধের অগ্নিগর্ভ ইতিহাস। "- 'যার' বলতে কার কথা বলা হয়েছে?**

a) সতীশ পাকড়াশী

b) নীরদ চক্রবর্তী

c) শিব শংকর মিত্র

d) খাঁ সাহেব

**II. মন্তব্য: চেংমান বুঝতে পারে এবার সে ইঁদুরকলে পড়েছে।**

**কারণ(ক): মনমোহন চেংমানকে তার পাওনা মিটিয়ে দিয়ে যাওয়ার কথা বলেছিল।**

**কারণ(খ): চেংমান বিপদের কথা ভুলে গেছিল।**

a) কারণ ক ঠিক খ ভুল

b) কারণ খ ঠিক ক ভুল

c) কারণ ক এবং খ দুটোই ঠিক

d) কারণ ক এবং খ দুটোই ভুল

**III. পাহাড়ে আগুন লাগলে যখন জানোয়ারেরা প্রাণের ভয়ে পালায় তখন গারো মেয়ে পুরুষেরা কী করে?**

a) তাদের নিজেদের ঘরে আশ্রয় দেয়।

b) তাদের শিকার করে আনন্দে নাচ-গান করে।

c) তাদের অন্য জঙ্গলে যেতে সাহায্য করে।

d) তাদের তাড়া দিয়ে আগুনের দিকে ঠেলে দেয়।

**IV. মন্তব্য: "মানুষগুলো যেন তার কাছে অংকের এককেটা চিহ্ন ছাড়া আর কিছু নয়। "**

**কারণ(ক) : মানুষগুলোর নিজেদের কোন নাম ছিল না।**



Scanned with OKEN Scanner

**কারণ (খ): মানুষগুলোর নাম নয়, এখানে সংখ্যাই তাদের পরিচয়।**

a) কারণ ক ঠিক খ ভুল

b) কারণ খ ঠিক ক ভুল

c) কারণ ক এবং খ দুটোই ঠিক

d) কারণ ক এবং খ দুটোই ভুল

**V. খাস কলকাতা থেকে যা কিনে আনা হয়েছে, তা হল-**

a) হাতি

b) গাড়ি

c) ছাতা

d) ঘোড়া

**VI. 'বছরে তিনমাস সাজা মাফ করার নিয়ম আছে'- তাকে কী বলে?**

a) মার্কা

b) বিরাম

c) ছাড়

d) বিরতি

PART-B: DESCRIPTIVE TYPE QUESTION

SECTION-A(GRAMMAR- SUBJECTIVE)

**5. ধ্বনিবিজ্ঞানে নিম্নলিখিত সূত্রগুলির যেকোনো একটি উদাহরণসহ সংজ্ঞা লেখ।** **(2+2=4)**

a) স্বরভক্তি

b) অপিনিহিতি

**6. শব্দার্থবিজ্ঞানের নিম্নলিখিত যেকোনো একটি ধারার উদাহরণসহ ব্যাখ্যা কর:** **(2+2=4)**

a) অর্থের রূপান্তর

b) অর্থের সংকোচন

SECTION-C (MAIN COURSE BOOK)

7. **"তাই লোকের মেজাজ গেল বিগড়ে।"**- লোকের মেজাজ বিগড়ে যাওয়ার কারণ কী ছিল? (2)

**অথবা**

**"মৃত্যুঞ্জয় ঝাঁঝিয়ে উঠল।"**- মৃত্যুঞ্জয়ের ঝাঁঝিয়ে ওঠার কারণ কী?

8. **"তারপরই দেখা গেল এক অদ্ভুত দৃশ্য।"**- দৃশ্যটিকে অদ্ভুত বলা হয়েছে কেন? (3)

9. **"এ অপরাধের প্রায়শ্চিত্ত কি?"**-- অপরাধ কী? সত্যিই কি বক্তা অপরাধী? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। (2+3=5)

**অথবা**

**"বুড়ি, তুমি হিন্দু না মুসলমান?"**- কার কোন প্রসঙ্গে উক্তি? উদ্ধৃতিটির মধ্য দিয়ে বক্তার এবং উদ্দিষ্ট ব্যক্তির মানসিকতার যে প্রকাশ ঘটেছে তা লেখকের দৃষ্টিভঙ্গিতে বিচার করো।



Scanned with OKEN Scanner

10. **"ভারত জয় করেছিল তরুণ আলেকজান্ডার।"**– প্রসঙ্গ উল্লেখ কর। উদ্ধৃত অংশটি তাৎপর্য বিশ্লেষণ কর। (2+3=5)

**অথবা**

**"জয় তোরণে ঠাসা মোহনীয় রোম।"**- এই কবিতায় কবি পাঠককে কি বার্তা দিয়েছেন? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।

11. **"আমি তা পারি না।"** - এই না পারার বেদনা কিভাবে কবিকে আলোড়িত করেছে তা কবিতা অবলম্বনে লেখ। (5)

**অথবা**

**"জানিলাম এ জগৎ/ স্বপ্ন নয়।"**- 'রূপনারানের কূলে' কবিতা অবলম্বনে কবির এই ভাবনার তাৎপর্য লেখ।

12. **"শহরের অসুখ হাঁ করে কেবল সবুজ খায়"**- আলোচ্য পঙক্তিটিতে কোন সত্যের প্রকাশ ঘটেছে আলোচনা কর। (3)

**অথবা**

**"গাছ আনো, বাগানে বসাও।**
**আমি দেখি।"**----গাছের প্রতি কবির আগ্রহ নিছক সৌন্দর্যচেতনা নাকি একান্ত প্রয়োজনীয় আলোচনা কর।

13. **"ন্যাটাভিনয় একটি পবিত্র শিল্প!"**-এই উক্তিতে বক্তার বিশ্বাস কতখানি? ন্যাটাংশ অনুসারে এই উক্তির আলোকে বক্তার মনোভাব বিশ্লেষণ করো। (2+3=5)

**অথবা**

**"এই তো জীবনের সত্য"**- কথাটি কে কাকে বলেছেন? বক্তা জীবনের কোন্ সত্যের কথা বলতে চেয়েছেন?

14. **"তাই প্রজারা বিদ্রোহী হয়ে উঠেছিল।"**- প্রজারা বিদ্রোহী হয়ে উঠেছিল কেন? (2)

15. **"স্টেশনের গায়ে ছোট চায়ের দোকান।"**- অংশটি কার লেখা কোথা থেকে নেওয়া হয়েছে? স্টেশনে নাম উল্লেখ করে চাওয়ালার সংক্ষিপ্ত বর্ণনা দাও। (2+3=5)

**অথবা**

**"আর এক রকমের প্রথা আছে—নানাকার প্রথা।"**- "নানকার প্রথা" কী? কীভাবে এই প্রথার অবসান ঘটে?

## SECTION-D (CREATIVE WRITING)

**16. নিম্নলিখিত যেকোনো একটি বিষয় অবলম্বনে বিজ্ঞাপন রচনা করো: (6)**

a) তোমাদের পাড়ায় একটি কম্পিউটার সেন্টার খোলা হবে। এই বিষয়ে একটি বিজ্ঞাপন রচনা করো।

b) একটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/শিক্ষিকা নিয়োগের জন্য একটি বিজ্ঞাপন দাও।

**17. প্রতিবেদনটি ভালোভাবে পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখো: (যেকোনো একটি) (6)**

a) নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ১৫ এপ্রিল ২০২৩: এই সময়ের গরমে মানুষ যখন হাঁসফাঁস করছে, তখন একদিনের বৃষ্টিপাত রাজ্যবাসীর পক্ষে অত্যন্ত সুখকর হয়েছে। মানুষ প্রচন্ড গরমের হাত থেকে কিছুটা হলেও নিস্তার পেয়েছে। কিন্তু এই একদিনের বৃষ্টিতে কলকাতার অভিজাত এলাকার বাসিন্দাদের ঘুম উড়ে গেছে। সারাদিনের ৯-১০ ঘন্টা বৃষ্টিতে গোটা এলাকা জলমগ্ন। কলেজ চত্বর থেকে হাসপাতাল সবই জলের তলায়। এই এলাকার সব বাড়িতেই হাঁটুজল দাঁড়িয়ে, খাটের উপর জিনিস



Scanned with OKEN Scanner

তুলে রাখতে হচ্ছে। নিকাশী নালার অবস্থা খারাপ। আবর্জনায় ভরে গেছে নালাগুলি। জল নামার তেমন কোনো লক্ষণ দেখা না-দেওয়ায় পুরসভার লোকেদের সঙ্গে এলাকাবাসী চাপান-উতোর চলেছে। সাপের কামড়ে একজনের মৃত্যুও হয়েছে। চারদিকের আবর্জনা এসে জড়ো হয়েছে। চারিদিকে দুর্গন্ধ ছড়াচ্ছে। এই জল তাড়াতাড়ি না-নামলে এলাকায় কলেরা-সহ জলবাহিত রোগের প্রকোপ দেখা দেবে। পৌরসভার ট্যাপ(জলকল)গুলি জলের তলায়। ফলে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। পুরসভার লোক গিয়ে শীঘ্রই জল নিকাশের ব্যবস্থা হবে বলে আশ্বাস দিয়ে এসেছেন।

**a) প্রতিবেদনটির শিরোনাম কি হবে?**

**b) বর্ষণের ফলে এলাকার চিত্র কেমন হয়েছে?**

**c) এর ফল কী হতে পারে?**

b) নিজস্ব সংবাদদাতা, কলকাতা, ৬ অগস্ট ২০২৪: ২২ বছর বয়স অবধি অনেকগুলি বাড়িতে থাকা হয়েছে মেয়েটির। কোনটা তাঁর আসল বাড়ি? জন্মস্থান শ্রীরামপুরের কলেজে পরিচারকদের খুপরি ঘরদোর, রাঁচীর মান্দারে পূর্বজদের গ্রামের ভিটে, ইলিয়ট রোডে লোরেটোর রেনবো হোম, না সাম্প্রতিক ঠিকানা সেন্ট জেভিয়ার্স কলেজের হস্টেল?

ভাবতে সময় নেবেন না ঝকঝকে নবীনা ফেলিসিটা কুজুর। "বাড়ি তো জীবনে একটিই হয় না। তবু কোনও একটিকে একান্তই নিজের বলে ভাবলে, আমাদের রেনবো হোমের হুটোপাটির ঘরটাই মনে পড়ে।" শনিবার বিকেলে মিডলটন রোয়ে লোরেটো হাউসের রেনবো হোমে দাঁড়িয়ে কথাগুলো বলছিলেন ওরাঁও জনজাতির কন্যা। জীবনের বাঁকে ফের নতুন ঠিকানা পেতে চলেছেন ফেলিসিটা। শ্রীরামপুর কলেজের হস্টেলে হবু ধর্মযাজকদের রাঁধুনে বাবা এবং ওই তল্লাটে গৃহপরিচারিকা মায়ের কন্যা স্বপ্নেও ভাবেননি, তাঁর সামনে এত দূর উড়ানের আকাশ ধরা দেবে। চেনা পৃথিবী থেকে অনেক দূরে আমেরিকার ওহায়ো প্রদেশের ডেটন শহরের সিনক্লেয়ার কমিউনিটি কলেজে যোগ দিতে চলেছেন ফেলিসিটা।

সেন্ট জেভিয়ার্স কলেজে সমাজতত্ত্বের ছাত্রী আমেরিকার কলেজে মিডিয়া, মার্কেটিং, সাংবাদিকতা, কমিউনিকেশন বিষয়ক এক বছরের পাঠক্রমের স্বাদ নেবেন। আমেরিকার বিদেশ দফতরের কমিউনিটি কলেজ ইনিশিয়েটিভ প্রোগ্রাম (সিসিআইপি)-এর আওতায় দেশ-বিদেশের সুবিধাবঞ্চিত ঘরের লড়াকু প্রতিভাবান ছেলে, মেয়েরা এক বছরের জন্য আমেরিকার কলেজে পড়ার অভিজ্ঞতার স্বাদ পান। এ বছর সিসিআইপি প্রকল্পের খবর পেয়েই ফেলিসিটার কথা মনে পড়েছিল লোরেটো রেনবো হোমগুলির অধিকর্তা সিস্টার প্রিয়াঙ্কা টপনো এবং সহ-অধিকর্তা বিশাখা সেনের। সুযোগ পেতে ফেলিসিটাকে ইংরেজির দক্ষতা জরিপ করার টিওইআইসি পরীক্ষা দিতে হয়েছে। ইন্টারভিউয়ে ফেলিসিটা গড়গড়িয়ে বলেও এসেছেন, "আমেরিকায় যা শিখব, ফিরে এসে তা রেনবো হোমের মেয়েদের শেখাতে চাই।"

একদা ফেলিসিটার স্কুল ইলিয়ট রোডের লোরেটোর প্রধান শিক্ষিকা, অধুনা লোরেটো কলেজের অধ্যক্ষ সিস্টার এ নির্মলার মনে পড়ছে, ১১ বছর আগে মুখচোরা এই মেয়েই অঙ্ক, ইংরেজিতে কাঁচা ছিল! ফেলিসিটার ব্যক্তিত্ব এখন আমূল পাল্টে গিয়েছে। রেনবো হোমে থেকে লোরেটো স্কুলের এই ছাত্রী বারো ক্লাস পাশ করে সেন্ট জেভিয়ার্সে ঢুকেছেন। রেনবো হোমের কো-অর্ডিনেটর পূর্ণিমা দে দারুণ খুশি, "ফেলিসিটা সেন্ট জেভিয়ার্স কলেজের ১০-১২ জন বন্ধুকে বুঝিয়ে রেনবো হোমে নিয়ে এসেছিলেন! ওরা সারা দিন হোমের ছোটদের সঙ্গে সময় কাটিয়েছে।"

**ক) প্রতিবেদনটির শিরোনাম কি হবে?**

**খ) দুটি বাক্যে বিষয়টির আলোকপাত করো?**

**গ) ফেলিসিটার চারিত্রিক পরিবর্তন সম্পর্কে আলোচনা কর।**



Scanned with OKEN Scanner